

যুগ্মত্য

গোপালগঞ্জ বিশ্ববিদ্যালয়

চেয়ারম্যান ও প্রভোস্টসহ সাত জনের পদত্যাগ

প্রকাশ : ১৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) দুটি হলের প্রভোস্ট, এক সহকারী প্রভোস্ট ও চার বিভাগের চেয়ারম্যান পদত্যাগ করেছেন। মঙ্গলবার বিকালে ব্যক্তিগত কারণ দেখিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে এ পদত্যাগপত্র জমা দেন। সাতজনের পদত্যাগপত্র গৃহীত হয়েছে বলে নিশ্চিত করেছেন ভিসি (চলতি দায়িত্ব) অধ্যাপক ড. মো. শাহজাহান।

পদত্যাগী সাতজনই সাবেক ভিসি অধ্যাপক ড. খোন্দকার নাসিরউদ্দীনপন্থী হিসেবে পরিচিত এবং বিভিন্ন দুর্নীতির সঙ্গে যুক্ত থাকা ছাড়াও তাদের বিরুদ্ধে বিভিন্ন সময়ে শিক্ষার্থীদের সঙ্গে দৰ্ব্যবহার করার অভিযোগ রয়েছে। পদত্যাগকারীরা হলেন- আইন বিভাগের চেয়ারম্যার মো. আবদুল কুদুস মিয়া, কৃষি বিভাগের ড. এমএ সাত্তার, ফুড অ্যান্ড এণ্ট্রো প্রসেসিং ইঞ্জিনিয়ারিং বিভাগের ড. নাজমুল হক শাহীন ও লাইভস্টক সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন বিভাগের মো. শফিকুজ্জামান, শেখ রেহানা হলের প্রভোস্ট মো. মনজুর রশিদ, শেখ রাসেল হলের রবিউল ইসলাম ও একই হলের সহকারী প্রভোস্ট মো. মুরাদ হোসেন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন তিনটি হলে তিনজন নতুন প্রভোস্ট নিয়োগ দিয়েছে। তারা হলেন- শেখ রেহানা হলে ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপক মো. রোকনুজ্জামান, স্বাধীনতা দিবস হলে গণিত বিভাগের সহকারী অধ্যাপক মো. সিরাজুল ইসলাম ও শেখ রাসেল হলে এআইএস বিভাগের সহকারী অধ্যাপক মো. ফায়েজুজ্জামান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড প্রাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।